# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
**(Residential Autonomous College under University of Calcutta)**

**B.A./B.Sc. SECOND SEMESTER EXAMINATION, MAY 2014**

**FIRST YEAR**

**Bengali (Language)**

Date : 20/05/2014

Time : 2.30 pm – 3.30 pm

Paper : II

Full Marks : 25

১। ''বুদ্ধ থেকে চৈতন্য রামকৃষ্ণ পর্যন্ত — যাঁরা 'লোকহিতায়' এসেছেন, তাঁরা সকলেই সাধারণ লোকের ভাষায় সাধারণকে শিক্ষা দিয়েছেন। পাণ্ডিত্য অবশ্য উৎকৃষ্ট; কিন্তু কটমট ভাষা — যা অপ্রাকৃতিক, কল্পিত মাত্র, তাতে ছাড়া কি আর পাণ্ডিত্য হয় না? চলিত ভাষায় কি আর শিল্পনৈপুণ্য হয় না? স্বাভাবিক ভাষা ছেড়ে একটা অস্বাভাবিক ভাষা তয়ের ক'রে কি হবে? যে ভাষায় ঘরে কথা কও, তাতেই তো সমস্ত পাণ্ডিত্য গবেষণা মনে মনে কর; তবে লেখবার বেলা ও একটা কি কিম্ভূতকিমাকার উপস্থিত কর? যে ভাষায় নিজের মনে দর্শন-বিজ্ঞান চিন্তা কর, দশজনে বিচার কর — সে ভাষা কি দর্শন-বিজ্ঞান লেখবার ভাষা নয়? যদি না হয় তো নিজের মনে এবং পাঁচজনে ও-সকল তত্ত্ববিচার কেমন ক'রে কর? স্বাভাবিক যে ভাষায় মনের ভাব আমরা প্রকাশ করি, যে ভাষায় ক্রোধ, দুঃখ, ভালোবাসা ইত্যাদি জানাই, তার চেয়ে উপযুক্ত ভাষা হতে পাবেই না; সেই ভাব, সেই ভঙ্গি, সেই সমস্ত ব্যবহার ক'রে যেতে হবে। ও ভাষায় যেমন জোর, যেমন অল্পের মধ্যে অনেক, যেমন যে-দিকে ফেরাও সে-দিকে ফেরে, তেমন কোনো তৈরি - ভাষা কোনো কালে হবে না। ভাষাকে করতে হবে — যেমন সাফ্ ইস্পাত মুচড়ে মুচড়ে যা ইচ্ছে কর।''

ক) কোন্ ভাষাকে কেন 'কটমট ভাষা' বলা হয়েছে? (৩)

খ) পাণ্ডিত্য প্রকাশের জন্যে সাধু ভাষা কি অপরিহার্য? (২)

গ) চলিত ভাষায় কীভাবে শিল্পনৈপুণ্য হয়? (৩)

ঘ) চলিত ভাষার পক্ষে লেখকের যুক্তিগুলি লেখো। (৭)

**অথবা**

''সংস্কৃত বিদগ্ধ শব্দের প্রতিশব্দ cultured । বাৎস্যায়ন যাকে নাগরিক বলেন, টীকাকার তাঁকে বিদগ্ধ নামে অভিহিত করেন। এর থেকে প্রমাণ হচ্ছে যে, এ দেশে পুরাকালে কালচার জিনিসটা ছিল নাগরিকতার একটা প্রধান গুণ। এ স্থলে বলা আবশ্যক যে একালে আমরা যাকে সভ্য বলি সেকালে তাকে নাগরিক বলত। অপর পক্ষে সংস্কৃত ভাষায় গ্রাম্যতা এবং অসভ্যতা পর্যায়-শব্দ, ইংরেজিতে যাকে বলে synonyms ।

এযুগে অবশ্য আমরা সাহিত্যচর্চাটা বিলাসের অঙ্গ বলে মনে করি নে, ও চর্চা থেকে আমরা ঐহিক এবং পারত্রিক নানারূপ সুফললাভের প্রত্যাশা রাখি।

যে সমাজে কাব্যচর্চা হচ্ছে বিলাসের একটি অঙ্গ, সে সমাজ যে সভ্য এই হচ্ছে আমার প্রথম বক্তব্য। যা মনের বস্তু তা উপভোগ করবার ক্ষমতা বর্বর জাতির মধ্যে নেই, ভোগ অর্থে তারা বোঝে কেবলমাত্র দৈহিক প্রবৃত্তির চরিতার্থতা।''

ক) 'Cultured' শব্দটির অর্থ কী? (২)

খ) 'কালচার' কোন্ অর্থে 'নাগরিকতার' প্রধান গুণ? (২)

গ) সাহিত্যচর্চা 'বিলাসের অঙ্গ' নয় কেন? (৭)

ঘ) কোনো সমাজসভ্যতা কীভাবে বোঝা যায় বলে লেখক মনে করেন? (৪)

২। ক) সাম্প্রতিক নারী নিগ্রহের বিষয়টি কীভাবে আমাদের জাতীয় লজ্জায় পরিণত হয়েছে, সে বিষয়ে একটি প্রতিবেদন লেখো। (১০)

**অথবা**

খ) নীচের বিষয়টির পুনর্নির্মাণ করো। (১০)

**সবুজ ধ্বংস ও তার প্রতিক্রিয়া**

'নির্বিচারে আমরা বৃক্ষচ্ছেদন করছি। বৃক্ষরা দেহ দিয়ে আমাদের সভ্যতার উৎকর্ষ প্রমাণ করছে। ওরা যেন একালের দধীচি।

যে কোনো শহরের বাড়ির দিকে তাকালে অবাক হতে হয়। কী বিপুল ফার্নিচার। আগে শুধু একটি খাট, আলমারি, চেয়ার-টেবিল হলেই চলত। এখন সারা ঘর জুড়ে কত শৌখীন জিনিসপত্র।

শহরের দিকে তাকালে এখন যেন মরুভূমির মতো লাগে। কোথাও গাছ নেই। চারিদিক ধূ ধূ করছে। মাঝে মধ্যে মনে হয় শহর গাছ ছাড়া কীভাবে দাঁড়িয়ে থাকে। গাছ ছাড়া মানুষ থাকেই বা কী করে। মা ছাড়া শিশু কী আনন্দে থাকতে পারে। প্রাচীন সাহিত্যে গাছ ছিল প্রকৃতি-মা। মায়ের কোলে যেন সন্তান আশ্রয় পেত। এখন সেই মাকেই আমরা ধ্বংস করে চলেছি।'